



## হিজবুল্লাহ ড্রোন হামলায় ইসরায়েলি সেনা নিহত, আহত ৪



সংগৃহীত ছবি

লেবাননে চলমান সংঘাতে ইসরায়েলি সেনাবাহিনীর একজন সদস্য নিহত হয়েছেন। নিহত সেনার বয়স ২১ বছর বলে নিশ্চিত করেছে ইসরায়েলি সামরিক বাহিনী।

একই ঘটনায় আরও চারজন সেনা আহত হন।

ইসরায়েলি বাহিনীর তথ্য অনুযায়ী, নিহত সেনা স্টাফ সার্জেন্ট মাইকেল তিউকিন দক্ষিণ লেবাননে একটি অভিযানে অংশ নেওয়ার সময় প্রাণ হারান। আহতদের অবস্থা তুলনামূলকভাবে স্থিতিশীল বলে জানানো হয়েছে।

চ্যানেল ১২-এর বরাতে জানা যায়, হিজবুল্লাহর একটি ড্রোন হামলায় এ হতাহতের ঘটনা ঘটে। রাতের ওই হামলায় সেনাদের অবস্থান লক্ষ্য করে বিস্ফোরক বহনকারী ড্রোন ব্যবহার করা হয় বলে দাবি করা হয়।

সাম্প্রতিক সময়ে লেবানন সীমান্তে ড্রোন হামলার ঘটনা বেড়েছে। বিশেষজ্ঞদের মতে, এসব হামলা ইসরায়েলি বাহিনীর জন্য নতুন ধরনের নিরাপত্তা চ্যালেঞ্জ তৈরি করেছে। দক্ষিণ লেবাননে দুই পক্ষের পাল্টাপাল্টি সংঘর্ষে সীমান্ত পরিস্থিতি ক্রমেই উত্তপ্ত হয়ে উঠছে।